

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৬ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং ১৫২-আইন/আয়কর-৭/২০২৫।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ জুন, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং-২৪৪-আইন/আয়কর-৩৮/২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের শর্তাবলির দফা (ক) এর উপ-দফা (ই) এ উল্লিখিত “ইতঃপূর্বে” শব্দের পূর্বে “বাংলাদেশে” শব্দ সন্নিবেশিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা